

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩. ০২২


তারিখ: ০৪/০১/২০২৩ খ্রি.

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো-২য় পর্যায়) এর আওতায় ব্যক্তিগত ক্ষুদ্র ঋণ ৩০০০০.০০ (ত্রিশ হাজার) টাকা হতে ১০০০০০.০০ (এক লক্ষ) টাকা প্রদানের সুযোগ রয়েছে। “কোন সদস্য পূর্ববর্তী দফায় গৃহীত ঋণ পরিশোধের মেয়াদের মধ্যে ৩০% কিস্তিতে পরিশোধ না করলে পরবর্তী ঋণের সিলিং বৃদ্ধি করা যাবে না এবং কিস্তিতে পরিশোধ না করে এককালীন পরিশোধ করলে পরবর্তী ঋণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না” মর্মে ইরেসপো-২য় পর্যায় প্রকল্পের বাস্তবায়ন নির্দেশিকার ৫.৭ এ নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে কিস্তি পরিশোধ সংক্রান্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে অনেক উপজেলাতে পরবর্তী দফায় ঋণের সিলিং বৃদ্ধি করা হচ্ছে। এক্ষেত্রে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত ক্ষুদ্র ঋণের সিলিং বৃদ্ধির ক্ষেত্রে পূর্ববর্তী দফায় গৃহীত ঋণ নির্দিষ্ট মেয়াদের মধ্যে ৫০% কিস্তিতে পরিশোধ না করলে পরবর্তী ঋণের সিলিং বৃদ্ধি করা যাবে না এবং ৩০% এর কম কিস্তিতে পরিশোধ করলে পরবর্তী ঋণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না অর্থাৎ ঋণ বিতরণ করা যাবে না”।

২। অফিস আদেশ জারির তারিখ হতে ঋণ বিতরণের ক্ষেত্রে উক্ত নির্দেশনা প্রযোজ্য হবে।

৩। প্রকল্প/কর্মসূচির স্বার্থে এ আদেশ জারি করা হলো।



মোহাম্মদ রাশেদুল আলিম
প্রকল্প পরিচালক
ফোন : ৪১০১০৩৪১

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩. ০২২

তারিখ: ০৪/০১/২০২৩ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:.....(প্রকল্পভুক্ত সকল জেলা)।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,(প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি,..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৬. পরিচালক (সরেজমিন/পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস নথি।


শরিফুল ইসলাম
সহকারী পরিচালক